তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

দৈনিক
আমাদের সময়

অধ্যক্ষ-সভাপতি দ্বন্দ্ব

# বেতন তুলতে পারছেন না ২৫ শিক্ষক-কর্মচারী

শেরপুর প্রতিনিধি ❋
অধ্যক্ষ ও সভাপতির দ্বন্দ্বের জেরে সরকারি বেতনভুক্ত হয়েও নতুন জাতীয় স্কেলে
বেতন তুলতে পারছেন না শেরপুরের নকলা উপজেলার বিবিরচর রহমানিয়া ফাজিল
মাদ্রাসার ২৫ জন শিক্ষক-কর্মচারী। এ মাদ্রাসার সভাপতি ও অধ্যক্ষ সহোদর দুই
ভাই হওয়ায় মাঝেমধ্যেই তাদের পারিবারিক সমস্যা প্রভাব ফেলে প্রাতিষ্ঠানিক
কার্যক্রমে। এ ব্যাপারে প্রতিষ্ঠানটির সভাপতি একে এম আকরাম হোসেন জানান,
গত ৯ এপ্রিল বেতন বিলে স্বাক্ষর করার জন্য তিনি প্রতিষ্ঠানে যান। কিন্তু অধ্যক্ষ ও
শিক্ষক প্রতিনিধিসহ স্টাফরা জানান, আপনি এখন থেকে আর আমাদের প্রতিষ্ঠানের
সভাপতি না। যেহেতু আমি সভাপতি না, সঙ্গত কারণেই আমি বিলে স্বাক্ষর করিনি।
অথচ সেই শিক্ষক প্রতিনিধিরাই এখন আমাকে স্বাক্ষর দিতে চাপ দিচ্ছেন।

এদিকে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ আবু বকর সিদ্দিক মোবাইল ফোনে জানান, তার
প্রতিষ্ঠানে এই ধরনের কোনো ঝামেলা নেই। পরে ফোন দিচ্ছি বলে লাইন কেটে দেন
তিনি। তবে প্রায় দুই ঘণ্টা অপেক্ষা করেও কোনো ফোন না পেয়ে তাকে ফোন
দেওয়া হলেও তিনি আর রিসিভ করেননি। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার মো.
সৈয়দ উদ্দিন জানান, এ ধরনের অভিযোগ পাইনি, পেলে তদন্ত করে ব্যবস্থা নেব।

এ ব্যাপারে নকলা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আবুল কালাম আজাদ জানান,
বিষয়টি আমার জানা নেই। প্রতিষ্ঠানের পক্ষ থেকে এ বিষয়ে কেউ অবগত করেনি।
যেহেতু আমি এখন শুনলাম, তাই দ্রুত ব্যবস্থা গ্রহণ করব।